# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩৬৮

১/ বিবিধ

আরবী

حامل القرآن حامل راية الإسلام، من أكرمه فقد أكرم الله، ومن أهانه فعليه لعنة الله

موضوع

أخرجه الديلمي في " مسنده " (2 / 88) بسنده إلى محمد بن يونس الكديمي بإسناده إلى أبي أمامة الباهلي مرفوعا وذكره السيوطي في " ذيل الأحاديث الموضوعة " (ص 23 رقم 116) وقال عقبه: الكديمي متهم

قلت: ومع هذا فقد ذكره في " الجامع الصغير " بهذه الرواية فتعقبه المناوي في " شرحيه " بأن الكديمي وضاع

বাংলা

৩৬৮। কুরআন বহনকারী হচ্ছে ইসলামের ঝান্ডা বহনকারী। যে তাকে সম্মান করল, সে যেন আল্লাহকে সম্মান করল। আর যে তাকে তুচ্ছ ভেবে অবহেলা করল, তার উপর আল্লাহর অভিশাপ।

হাদীসটি জাল।

এটি দাইলামী তার “মুসনাদ” গ্রন্থে (২/৮৮) নিজ সনদে মুহাম্মাদ ইবনু ইউনুস কুদায়মী পর্যন্ত ... বর্ণনা করেছেন। সুয়ূতী এটিকে “যায়লুল আহাদীসিল মাওযুআহ” গ্রন্থে (পৃ. ২৩ নং ১১৬) উল্লেখ করে বলেছেনঃ কুদায়মী মিথ্যার দোষে দোষী।

আমি (আলবানী) বলছিঃ তা সত্ত্বেও তিনি “জামেউস সাগীর” গ্রন্থে এ বর্ণনাতেই উল্লেখ করেছেন! এ কারণে মানবী কুদায়মী জালকারী’ বলে তার সমালোচনা করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=67953

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন